ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭
শিক্ষা শাখা

**নম্বর:** ৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৯৩.২৩

তারিখ: ৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়: ওরিয়েন্টেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তিকৃত ১ম বর্ষের শিক্ষার্থীদের 'ওরিয়েন্টেশন-২০২৪' প্রোগ্রাম আগামী ২৩ জানুয়ারি, ২০২৪ খ্রি: তারিখ মঙ্গলবার বিকাল ০৩:৩০ ঘটিকায় শহীদ আহসান উল্লাহ্ মাস্টার অডিটরিয়ামে অনুষ্ঠিত হইবে। উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান প্রধান অতিথি এবং মাননীয় প্রো-ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ আবদুর রশীদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকিতে সদয় সম্মতি জ্ঞাপন করিয়াছেন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করিবেন অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম, পরিচালক (ছাত্র কল্যাণ)।

০২। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, অফিস প্রধান এবং আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ১ম বর্ষের সকল শিক্ষার্থীকে যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক উপস্থিত থাকিয়া উক্ত ওরিয়েন্টেশন প্রোগ্রামকে সাফল্যমন্ডিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

০৩। উল্লেখ্য, বর্ণিত তারিখে বিকাল ০৩:৩০ ঘটিকা হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট এবং পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের সকল বর্ষ ও সেমিস্টারের ক্লাস স্থগিত থাকিবে।

২১-০১-২০২৪
(অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
৮৮০২৪৯২৭৪০০৩
reg_duet@duet.ac.bd

সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :- (তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান (সংশ্লিষ্ট সকল শিক্ষক এবং শিক্ষার্থীকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল এবং সংশ্লিষ্ট বিভাগের সকল শিক্ষক এবং আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ১ম বর্ষের সকল শিক্ষার্থীকে উক্ত ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপস্থিত থাকার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
৪। পরিচালক (ছাত্র কল্যাণ);
৫। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
৬। চেয়ারম্যান, আইসিটি সেল;
৭। সিনিয়র সহকারী পরিচালক, নিরাপত্তা শাখা;
৮। সকল-নোটিশ বোর্ড; এবং
৯। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।